

আইন -১

www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.২৫৮.২১-১২২০

তারিখ: ৬ আশ্বিন ১৪২৮

২১ সেপ্টেম্বর ২০২১

বিষয়: রিট পিটিশন নং ৪৮৩৯/২০২১ সরকার পক্ষে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের সহকারী রেজিস্ট্রার কার্যালয় থেকে ১৫/০৬/২০২১ তারিখে প্রেরিত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজবাড়ী, রাজামাটি ও ঝিনাইদহ জেলার ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে চাকুরী রাজস্বখাতে স্থায়ীকরণের দাবিতে রাজবাড়ী জেলা প্রশাসকের কার্যালয়ের ২০/১১/২০১৯ তারিখের ৩৮০, ঝিনাইদহ জেলা প্রশাসকের কার্যালয়ের ০৩/১১/২০১৯ তারিখের ৫৬০ এবং রাজামাটি জেলা প্রশাসকের কার্যালয়ের ২৭/১১/২০১৯ তারিখের ৪৫৯ নং স্মারককে চ্যালেঞ্জ-এর বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ০৮ (আট) জনকে প্রতিপক্ষ করে এই রিটটি দায়ের করা হয়। হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে রুল ইস্যুপূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। রিটের ৬, ৭, ৮ নং প্রতিপক্ষ যথাক্রমে জেলা প্রশাসক, রাজবাড়ী, রাজামাটি, ঝিনাইদহ।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৪৮৩৯/২০২১ মোকদ্দমায় সরকার পক্ষে মামলা পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সিনিয়র সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা নির্দেশক্রমে এ সঞ্জ্ঞা প্রেরণ করা হলো।

সংযুক্তি:.....(পাতা)।

২১-৯-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: ৯৫৪০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.২৫৮.২১-১২২০/১(৫)

তারিখ: ৬ আশ্বিন ১৪২৮

২১ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেল এর কার্যালয়, অ্যাটর্নি জেনারেল এর কার্যালয়, বাংলাদেশ সুপ্রিম কোর্ট,

ঢাকা-১০০০।

২) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

৩) উপসচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ

৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ

৫) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ



২১-৯-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারী সচিব